

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ভূমি মন্ত্রণালয়
(আইন অধিশাখা-৪)
www.minland.gov.bd

পরিপত্র

স্মারক নং- ৩১.০০.০০০০.০৮৫.৫৩.০৬৫.১২-৬১৪

তারিখঃ ২০/১১/২০১৩খ্রিঃ

বিষয়ঃ অর্পিত সম্পত্তি প্রত্যর্পণ (দ্বিতীয় সংশোধন) আইন, ২০১৩ প্রণয়ন ও প্রকাশিত হওয়ায় এ আইনে বাতিলকৃত ‘খ’ তফসিলভুক্ত সম্পত্তি সম্পর্কিত পরিপত্র।

সম্পত্তি সরকার অর্পিত সম্পত্তি প্রত্যর্পণ (দ্বিতীয় সংশোধন) আইন, ২০১৩ প্রণয়ন ও জারি করেছে। বর্ণিত আইনের ২৪ ক্রমিকে বাতিলকৃত ‘খ’ তফসিলভুক্ত সম্পত্তির বিষয়ে ২৮ক ধারা সংযোজন করা হয়েছে। ২৮ক ধারায় অর্পিত সম্পত্তির বাতিলকৃত ‘খ’ তফসিলভুক্ত সম্পত্তির বিষয়ে করণীয় সম্পর্কে সুস্পষ্টভাবে বিস্তারিত উল্লেখ রয়েছে। ২৮ক ধারার বিধানাবলী নিম্নরূপ :-

“২৮ক। ‘খ’ তফসিল বিলুপ্তি, ইত্যাদি সম্পর্কিত বিশেষ বিধান।—(১) অর্পিত সম্পত্তি প্রত্যর্পণ (দ্বিতীয় সংশোধন) আইন, ২০১৩ কার্যকর হইবার সঙ্গে সঙ্গে অর্পিত সম্পত্তি সম্পর্কিত ‘খ’ তফসিল বাতিল হইবে এবং উহা এমনভাবে বাতিল হইবে যেন, উক্ত তফসিলভুক্ত সম্পত্তি কখনোই অর্পিত সম্পত্তির তালিকাভুক্ত হয় নাই।

(২) এই আইনের অধীন স্থাপিত ট্রাইব্যুনাল, আপীল ট্রাইব্যুনাল বা বিশেষ আপীল ট্রাইব্যুনাল কর্তৃক উপ-ধারা (১) এর অধীন বিলুপ্তকৃত ‘খ’ তফসিলভুক্ত সম্পত্তির বিষয়ে ইতোমধ্যে নিষ্পত্তিকৃত যে কোন মামলার রায় বা ডিক্রী বাতিল ও অকার্যকর বলিয়া গণ্য হইবে এবং উক্ত ট্রাইব্যুনাল, আপীল ট্রাইব্যুনাল বা বিশেষ আপীল ট্রাইব্যুনালে বিচারাধীন উক্ত ‘খ’ তফসিলভুক্ত সম্পত্তি সম্পর্কিত সকল মামলা abate হইয়া যাইবে এবং এইরূপ abatement এর জন্য সংশ্লিষ্ট আদালত কর্তৃক আনুষ্ঠানিক আদেশ প্রদানের প্রয়োজন হইবে না।

(৩) উপ-ধারা (১) এর অধীন বাতিলকৃত ‘খ’ তফসিল সম্পর্কিত কোন আবেদন বা নালিশ জেলা কমিটি, বিভাগীয় কমিটি বা কেন্দ্রীয় কমিটিতে যে কোন পর্যায়েই থাকুক না কেন উহা স্বয়ংক্রিয়ভাবে বাতিল হইয়া যাইবে।

(৪) উপ-ধারা (১) এর অধীন ‘খ’ তফসিল বাতিল হওয়া সত্ত্বেও উক্ত তফসিলভুক্ত সম্পত্তির বিষয়ে জনস্বার্থে স্বত্ত্ব বা স্বার্থ সম্পর্কে প্রচলিত আইনের অধীন প্রতিকার লাভে কোন আইনগত বাধা থাকিবে না।

(৫) ধারা ২০ক বিলুপ্ত হওয়া সত্ত্বেও উক্ত ধারার অধীন গঠিত কোন বিশেষ আপীল ট্রাইব্যুনালে ‘ক’ তফসিলভুক্ত সম্পত্তি সম্পর্কিত কোন মামলা বিচারাধীন থাকিলে উহা এমনভাবে চলমান থাকিবে যেন, উক্ত ট্রাইব্যুনাল বিলুপ্ত হয় নাই এবং উক্ত মামলায় প্রদত্ত ডিক্রী ধারা ২(ছ) এর উদ্দেশ্য পূরণকালে প্রদত্ত ডিক্রী হিসাবে গণ্য হইবে।”

২। উপরিউক্ত আইনের বিধান মোতাবেক অর্পিত সম্পত্তি সম্পর্কিত বাতিলকৃত ‘খ’ তফসিলভুক্ত সম্পত্তির বিষয়ে জনস্বার্থে দ্রুত পরবর্তী আইনানুগ কার্যক্রম গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

৩। এ পরিপত্র জনস্বার্থে জারি করা হলো।

স্বাক্ষরিত/-

তারিখঃ ২০/১১/২০১৩খ্রিঃ

(মোঃ ইবাহীম হোসেন খান)

যুগ্মসচিব (আইন)

তারিখঃ ২০/১১/২০১৩খ্রিঃ

স্মারক নং- ৩১.০০.০০০০.০৮৫.৫৩.০৬৫.১২-৬১৪/(৬৪০)

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হইল :-

১। চেয়ারম্যান, ভূমি আপীল বোর্ড, সেগুন বাগিচা, ঢাকা।

২। মহা-পরিচালক, ভূমি বেকর্ড ও জরিপ অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা।

৩। বিভাগীয় কমিশনার, (সকল)।

৪। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৫। জেলা প্রশাসক, (তিনি পার্বত্য জেলা ব্যতীত সকল)।

৬। জেনারাল সেটেলমেন্ট অফিসার, (তিনি পার্বত্য জেলা ব্যতীত সকল)।

৭। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব) (তিনি পার্বত্য জেলা ব্যতীত সকল)।

৮। সচিব মহোদয়ের একান্ত সচিব, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৯। সহকারী কমিশনার (ভূমি) (তিনি পার্বত্য জেলা ব্যতীত সকল)।

২০/১১/১৩
(এম এ শাহ মাহমুদুল হাসান)
উপসচিব

ফোনঃ ৯৫৪০১৬৮